

৩য় প্রান্তিক মূল্যায়ন – ২০২৩ খ্রি.
১০১ নং দিগনগর সরকারি প্রাথমিক বিদ্যালয়
ক্লাস্টারঃ দিগনগর , মুকসুদপুর, গোপালগঞ্জ ।
শ্রেণিঃ ৪র্থ
বিষয়ঃ গণিত

সময়ঃ ২:৩০ ঘণ্টা

পূর্ণমানঃ ১০০

১ ও ১১ নং সহ যেকোনো ১০টি প্রশ্নের উত্তর দাও ।

১। সংক্ষেপে উত্তর উত্তরপত্রে লিখঃ

(১×২০)=২০

- ক) অপ্রকৃত ভগ্নাংশ কাকে বলে ?
 খ) একাধিক সমহর বিশিষ্ট ভগ্নাংশের ক্ষেত্রে কোন ভগ্নাংশটি বড় হবে ?
 গ) $১.৮ + ০.২ =$ কত ? ঘ) ১ ঘণ্টা = কত সেকেন্ড ?
 ঙ) উপাত্ত কত প্রকার ? চ) এক চতুর্থাংশকে অংকে লেখ।
 ছ) লব ৩ এবং হর ৮ হলে ভগ্নাংশটি কত ?
 জ) ১.৪৬৯ সংখ্যাটিতে ৯ এর স্থানীয় মান কত ?
 ঝ) $\frac{১}{৫}$ ভগ্নাংশটির হর ও লব কত ?
 ঞ) ৬০° কোণের সম্পূরক কোণ কত ?
 ট) ১ বছরের $\frac{১}{১০}$ অংশে কত মাস ?
 ঠ) তরল পদার্থ পরিমাপের একক কী ?
 ড) আয়তাকার ক্ষেত্রের ক্ষেত্রফলের সূত্র কী ?
 ঢ) ৩০ মিটার দৈর্ঘ্যবিশিষ্ট একটি বর্গক্ষেত্রের ক্ষেত্রফল কত ?
 ণ) ১ মিটার = কত সেন্টিমিটার ?
 ত) আন্তর্জাতিক রীতিতে কখন থেকে দিন ও তারিখ শুরু হয় ?
 থ) ট্যালি চিহ্নে কততম সংখ্যাটি আড়াআড়ি বসাতে হয় ?
 দ) ত্রিভুজ কাকে বলে ? খ) কোণভেদে ত্রিভুজ কত প্রকার ?
 ন) রশ্মির কয়টি প্রান্তবিন্দু থাকে ?

২। সবুজের বাড়ি বিদ্যালয় থেকে $\frac{৩}{৮}$ কিমি. পশ্চিমে অবস্থিত । মিতুর বাড়ি

বিদ্যালয় থেকে $\frac{৫}{১২}$ কিমি. পূর্বে অবস্থিত।

- ক) সবুজের বাড়ি থেকে মিতুর বাড়ির দূরত্ব কত কিমি. ? ৪
 খ) মিতুর বাড়ি সবুজের বাড়ির তুলনায় বিদ্যালয় থেকে কত দূরে ? ৪
 ৩। একজন কৃষক তার সবজি ক্ষেতের $\frac{১}{২}$ অংশে বেগুন, $\frac{১}{৪}$ অংশে বাঁধাকপি এবং $\frac{১}{৪}$ অংশে ফুলকপি চাষ করেন ।
 ক) কৃষক তার ক্ষেতের মোট কত অংশে চাষ করেন ? ৪
 খ) কৃষকের সবজি ক্ষেতে কত অংশে খালি রয়েছে ? ৪

৪। গৌতমের বাড়ি বিদ্যালয় থেকে ৮.২ কিমি. পশ্চিমে অবস্থিত। সীমার বাড়ি বিদ্যালয় থেকে ৯ কিমি. পূর্বে অবস্থিত ।

- ক) গৌতমের বাড়ি থেকে সীমার বাড়ির দূরত্ব কত কিমি. ? ৪
 খ) বিদ্যালয় থেকে সীমার বাড়ির দূরত্ব গৌতমের বাড়ির দূরত্ব অপেক্ষা কত কিমি. বেশি? ৪

৫। এপ্রিল মাসের পরপর দুই দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২.৫ ডিগ্রী সেলসিয়াস এবং ২৮.৮ ডিগ্রী সেলসিয়াস ।

- ক) দুই দিনের তাপমাত্রার পার্থক্য কত ? ৪
 খ) দুই দিনের মোট তাপমাত্রা কত ডিগ্রী সেলসিয়াস ? ৪

৬। রাজু তার পরিবারের জন্য ১.৫ কেজি মাংস কিনল । তা থেকে কিছু পরিমাণ মাংস খাওয়ার পর ৮৯৫ গ্রাম অবশিষ্ট রইল ।

- ক) ১.৫ কেজিকে গ্রামে প্রকাশ কর। ৪
 খ) অবশিষ্ট মাংসকে কেজিতে প্রকাশ কর। ৪

৭। রূপন্তির আয়তাকার ফুলের বাগানের দৈর্ঘ্য ৮ মিটার ও প্রস্থ ৬.১ মিটার।

- ক) আয়তাকার বাগানের প্রস্থকে সেন্টিমিটারে প্রকাশ কর। ৪
 খ) আয়তাকার বাগানের পরিধি নির্ণয় কর। ৪

৮। পায়েল ৪ দিন ১৭ ঘণ্টা ও অর্পিতা ৩ দিন ২৩ ঘণ্টা ভ্রমণ করল। ।

- ক) তারা দুজন মোট কত সময় ভ্রমণ করল ? ৪
 খ) পায়েল অপেক্ষা অর্পিতা কত সময় বেশি ভ্রমণ করেছিল ? ৪

৯। মাকসুদা বেগমের ৩ মাস ৩ সপ্তাহ ২ দিনের ছুটি পাওনা আছে। তিনি ২ মাস ৪ সপ্তাহ ৩ দিনের ছুটি নিলেন ।

- ক) ৪ সপ্তাহে কত ঘণ্টা ? ৪
 খ) মাকসুদা বেগম আর কত দিনের ছুটি নিতে পারবেন ? ৪

১০। ২০ জন শিক্ষার্থীর বাংলা বিষয়ের প্রাপ্ত নম্বর দেওয়া হলোঃ

৫২, ৪৮, ৬২, ৫৭, ৪৩, ৫৫, ৬৫, ৯১, ৬২, ৬০,

৬০, ৫৫, ৫৭, ৬০, ৫২, ৬০, ৫৭, ৬০, ৫৭, ৬০

- ক) প্রদত্ত সারণিটি ট্যালি চিহ্ন দিয়ে প্রকাশ কর। ৪
 খ) কোন উপাত্তটি বেশিবার আছে এবং উপাত্ত গুলোর মধ্যে সর্বোচ্চ ও সর্বনিম্ন নম্বর কত ? ৪

১১। ক) চিত্রসহ সংজ্ঞা লেখঃ যেকোন ২টি –

(৮×২)=১৬

- ক) সমবাহু ত্রিভুজ খ) বিষমবাহু ত্রিভুজ গ) সমকোণী ত্রিভুজ

